ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়

এমএফএ ইন ড্রইং এন্ড পেইন্টিং প্রোগ্রামে ভর্তির নিয়মাবলী ও সময়সূচী

০১। **প্রোগ্রামের নাম:** এমএফএ ইন ড্রইং এন্ড পেইন্টিং।

০২। **প্রোগ্রামের মেয়াদ:** ০২ (দুই) বছর।

০৩। **আসন সংখ্যা:** সাধারণ আসন সংখ্যা **১৮ (আঠার)** টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় আরও ০১টি করে মোট ০২টি আসন সংরক্ষিত থাকবে। তবে শর্ত থাকে যে, যদি মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না যায় তাহলে সাধারণ আসনে মেধা তালিকায় থাকা প্রার্থীদের মধ্য থেকে উক্ত আসনে ভর্তি নেয়া হবে।

০৪। **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:** খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রোগ্রামের কেন্দ্রীয় ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনের যোগ্যতা অনুযায়ী।

০৫। **আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি।

খ) আবেদন পত্রের সাথে একটি পোর্টফোলিওর সত্যায়িত কপি (**অংকন ও চিত্রায়ণ মাধ্যমে করা ১০ টি শিল্পকর্মের রঙিন আলোকচিত্র, সাইজ 5R**) জমা দিতে হবে।

গ) পাসপোর্ট সাইজের ০২ (কপি) ছবি।

০৬। অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করা যাবে এবং চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় দাখিল করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাশ শুরুর পর থেকে ২ মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০৭। ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন অফিসে ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত ফরম জমা নেয়া হবে।

০৮। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী ও ভর্তি পরীক্ষার ফল নিজ দায়িত্বে নির্দিষ্ট তারিখে ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট **www.ku.ac.bd** থেকে জেনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০৯। ভর্তি পরীক্ষা ড্রইং এন্ড পেইন্টিং-এর **তাত্ত্বিক ও সেশনাল/মৌখিক পরীক্ষা ও Power Point Presentation** অনুষ্ঠিত হবে।

১০। **ভর্তি সংক্রান্ত তারিখসমূহ:**

ক) ভর্তি ফরম বিতরণ	ঃ ১১/১১/২০২৬ খ্রি.	
খ) ভর্তি ফরম জমা দেয়ার শেষ তারিখ	ঃ ২০/১২/২০২৬ খ্রি.	
গ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ ২১/১২/২০২৬ খ্রি.	
ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ঃ ২২/১২/২০২৬ খ্রি.	➢ (রিপোর্টিং টাইম সকাল ৯.৩০ টা) ➢ (থিওরী পরীক্ষা সকাল ১০.০০-১১.৩০ টা পর্যন্ত) ➢ (সেশনাল পরীক্ষা বেলা ১১.৩০-০১.৩০ টা পর্যন্ত)-কার্টিজ পেপার সরবরাহ করা হবে এবং ক্লিপ বোর্ড, চারকোল, পেন্সিল, ইরেজার ও অন্যান্য প্রয়োজনীয় উপকরণ নিয়ে আসতে হবে) ➢ (মৌখিক পরীক্ষা/ প্রেজেন্টেশন দুপুর ২.৩০ থেকে শুরু)-পেনড্রাইভে পোর্টফোলিওর সফট কপি প্রেজেন্টেশনের জন্য আনতে হবে)
ঙ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ	ঃ ২২/১২/২০২৬ খ্রি.	
চ) মেধা ও অপেক্ষমান তালিকা থেকে ভর্তি	ঃ ২৩/১২/২০২৬ ও ২৪/১২/২০২৬ খ্রি. থেকে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা)	
ছ) কোর্স রেজিস্ট্রেশন	ঃ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী	
জ) কোর্স রেজিস্ট্রেশন জরিমানসহ	ঃ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী	
ঝ) ক্লাস শুরু	ঃ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী	

(কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে ভর্তি চূড়ান্ত হবে)

১১। আবেদন ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রধান, ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিনের অনুকূলে অগ্রনী ব্যাংক লি: খুবি শাখায় (চলতি হিসাব নং-০২০০০০৩৩০৩৯৭১) জমা দিয়ে ভর্তি ফরম ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করা যাবে।

১২। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক পরিচালক/ প্রক্টর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

১৩। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃদ্রঃ ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল বিশ্ববিদ্যালয়ের সনদধারীদের আবেদন গৃহীত হবে না।

Tarikat ১১.২০২৬

(ড. মো: তরিকত ইসলাম)
প্রধান ও সভাপতি
ভর্তি পরীক্ষা কমিটি
২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এমএফএ ইন ড্রইং পেইন্টিং প্রোগ্রাম
ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়।